

একই তারিখ ও স্মারকে চলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৭  
সরকারি পরিবহন পুল ভবন,  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং-১০.০০.০০০০.১৩১.১১.০২৫.০২-২২৭

তারিখ : ২৫ অগ্রহায়ণ ১৪৩১  
১০ ডিসেম্বর ২০২৪

বিষয় : ফরিদপুর জেলার সদর উপজেলার ০৪ নং আলিয়াবাদ ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব কামরুল হাসানের বিরুদ্ধে নিজ অধিক্ষেত্রের বাইরে কার্যালয় স্থাপন, নিজেকে ভিন্ন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রার হিসেবে পরিচয় এবং ভিন্ন অধিক্ষেত্রের সাবেক নিকাহ রেজিস্ট্রারের দলিল দস্তাবেক কৃষ্ণিগত করে রাখা সংক্রান্ত আনীত তদন্তে প্রমাণিত হওয়ায় তাঁর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সাব-রেজিস্ট্রার, ভাঙ্গা, ফরিদপুর কর্তৃক প্রেরিত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত নিকাহ রেজিস্ট্রার জনাব কাজী কামরুল হাসান এর বিরুদ্ধে সে সদর উপজেলার ০৪ নং আলিয়াবাদ ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার হওয়া সত্ত্বেও তাঁর কার্যালয়ে সাইনবোর্ডে 'সদর কাজী অফিস' ব্যবহার, পৌরসভার ০৪ ও ০৫ নং ওয়ার্ডের সাবেক নিকাহ রেজিস্ট্রারের কার্যালয় ব্যবহার এবং উক্ত কার্যালয়ের পূর্বের নিকাহ রেজিস্ট্রারের সমাপ্ত ও অসমাপ্ত দলিল দস্তাবেক ও রেকর্ড পত্রাদি সহযোগীর মাধ্যমে কৃষ্ণিগত করে রাখা এবং পৌরসভার ০৪ ও ০৫ নং ওয়ার্ডের সাবেক নিকাহ রেজিস্ট্রার হিসেবে অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত জনাব মোঃ জাকির হোসেন-কে তাঁর স্বাভাবিক দায়িত্ব পালনে বাঁধা প্রদান করা সংক্রান্ত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় এবং নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ কামরুল হাসান এর কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় তাঁর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো। উক্ত শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ কামরুল হাসান এর নিকট হতে বাধ্যতামূলক বহিসংহ নিকাহ রেজিস্ট্রার সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, ফরিদপুর-কে নির্দেশ প্রদান করা হলো। শূন্য ঘোষিত উক্ত অধিক্ষেত্রে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সাব-রেজিস্ট্রার, সদর, ফরিদপুর-কে নির্দেশ প্রদান করা হলো।

স্বা.

(সাইদুজ্জামান শরীফ)

সিনিয়র সহকারী সচিব

ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

নং-১০.০০.০০০০.১৩১.১১.০২৫.০২-২২৭

তারিখ : ২৫ অগ্রহায়ণ ১৪৩১  
১০ ডিসেম্বর ২০২৪

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। জেলা রেজিস্ট্রার, ফরিদপুর।
- ০৬। সাব-রেজিস্ট্রার, সদর, ফরিদপুর।
- ০৭। জনাব মোঃ কামরুল হাসান, সাবেক নিকাহ রেজিস্ট্রার, ০৪ নং আলিয়াবাদ ইউনিয়ন, সদর, ফরিদপুর।
- ০৮। অফিস কপি/ গার্ড ফাইল।

(সাইদুজ্জামান শরীফ)

সিনিয়র সহকারী সচিব

ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮